

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ে অংশীজনের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

- সভাপতি : প্রকৌঃ মোঃ আনোয়ার হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
(অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃ দাঃ) হিসেবে কর্মরত), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
- সভার স্থান : সভা কক্ষ, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
- সভার তারিখ ও সময় : ২১/০৬/২০২৩ খ্রিঃ, সময় : বেলা ৩.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত করা হলো।

- ১। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম (২.২) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থা সমন্বয়ে অবহিতকরণের লক্ষ্যে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। তিনি সিটিজেনস চার্টার এর গুরুত্ব এবং বিবিধ আবশ্যিকীয় কার্যক্রম পালন বিষয়ে প্রাথমিক আলোচনা করেন। অতঃপর তিনি কমিটির সদস্য সচিব জনাব সুলতান মাহমুদ জাকির হোসেন (মনজু), সহকারী পরিচালক (চঃ দাঃ) (প্রশাসন-১), এইচইডি, প্রধান কার্যালয়কে বিষয়বস্তু নিয়ে আলোচনার জন্য অনুরোধ জানান।

সদস্য সচিব জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের সকল ধরনের কার্যক্রম পালনে সকল প্রকার প্রচেষ্টা অব্যাহত আছে এবং ইতোমধ্যে এতদসংক্রান্ত বিষয়ে সর্বশেষ গত ০৫/০১/২০২৩ খ্রিঃ তারিখে সভা আয়োজন করা হয়েছে। তিনি আরো জানান যে, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা ২০২২-২৩ কার্যকরভাবে বাস্তবায়নের জন্য গত ০৬/০৩/২০২৩ খ্রিঃ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে এবং ওয়েবসাইটে হালনাগাদ করা হয়েছে। তিনি চলতি ২০২২-২৩ অর্থবছরের কার্যক্রম সম্পর্কে সংক্ষেপে আলোচনা করেন এবং সকল কার্যালয়ের অফিস প্রধানকে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর আবশ্যিক কার্যক্রম পালনের জন্য অনুরোধ করেন।

সভাপতি মহোদয় কমিটির সদস্য জনাব মোঃ আব্দুল হামিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ), গত ০৫/০১/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায়ের অফিসসমূহ কর্তৃক গঠিত পরিবীক্ষণ কমিটির কার্যক্রম ও কমিটি হালনাগাদ করার জন্য পুনরায় প্রস্তাব করেন। তিনি আরো জানান যে, এইচইডি, প্রধান কার্যালয়ের সিটিজেন চার্টারের পরিবীক্ষণ কমিটিও পুনর্গঠন/হালনাগাদ করা প্রয়োজন। কেননা উক্ত কমিটির আহ্বায়ক বর্তমানে উচ্চতর পদে দায়িত্ব পালন করায় তার পদবী পরিবর্তন হয়েছে। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ আয়োজনের জন্যও বলেন। এছাড়াও সভায় উপস্থিত কর্মকর্তাগণের এতদসংক্রান্ত বিভিন্ন প্রশ্নের জবাব ও ব্যাখ্যা দেন।

সভাপতি মহোদয় সকল কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে কমিটি পুনর্গঠনের তাগিদ দেন এবং স্টেকহোল্ডারদের সকল সদস্যগণকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান।

- ২। কমিটির সদস্য সচিব জনাব সুলতান মাহমুদ জাকির হোসেন (মনজু), সহকারী পরিচালক (চঃ দাঃ) (প্রশাসন-১), এইচইডি, প্রধান কার্যালয় বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়টি অত্যন্ত গুরুত্বের সহিত নিয়ে আওতাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা যেতে পারে। এতে সেবা প্রদান কার্যক্রম আরও ত্বরান্বিত হবে।



৩। সভায় এতদসংক্রান্ত বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

(ক) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন গঠন করে ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং হার্ড কপি মন্ত্রণালয়ে প্রেরণ করা।

(খ) সার্কেল ও বিভাগীয় কার্যালয়সমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি হালনাগাদ করা এবং তার প্রমাণক অত্র দপ্তরে প্রেরণ করা।

(গ) সার্কেল/বিভাগীয় কার্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ এর আয়োজন করার বিষয়ে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা করা।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(প্রকৌঃ মোঃ আনোয়ার হোসেন)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

(অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃ দাঃ) হিসেবে কর্মরত)

এইচইডি, প্রধান কার্যালয়

ও



আস্বায়ক

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার)







ক্রম নং	নাম ও পদবী	কার্যালয়ের নাম	মোবাইল নাম্বার	স্বাক্ষর ও তারিখ
১১	শ্রীমান শ্রীমান শ্রীমান শ্রীমান শ্রীমান শ্রীমান শ্রীমান (সহ) (সহ)	HED, HQ	01715600836	 21.06.23
১২	Md. Shahidul Islam XEN E lect (C) Design HED, HQ	HED HQ	01711268859	 21.06.23
১৩	Zeba Atika Assistant Engineer HED, HQ	HED, HQ	01705100708	Zeba Atika 21.06.23
১৪				
১৫				
১৬				
১৭				
১৮				
১৯				
২০				